AMELICT RTHD
26/05/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

১০/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ এহছানে এলাহী
অতিরিক্ত সচিব (বাজেট) ও চীফ ইনোভেশন অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ: ১০/০৪/২০১৯ ইং
সময়: বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান: বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ এর সম্মেলন কক্ষ
উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অডিট) সভাকে জানান যে, বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুসারে এ বিবাগের কার্যক্রম চলমান আছে। জুন ২০১৯ মাসের মধ্যে সকল প্রশিক্ষণ এবং কর্মশালা কর্মপরিকল্পনা অনুযায়ী শেষ হবে। তবে দপ্তর/সংস্থাসমূহের উদ্যোগে প্রশিক্ষণের সংখ্যা আরো বাড়াতে হবে। পূর্ববর্তী বছরের উদ্ভাবনী উদ্যোগসমূহ যাতে টেকসই হয় সে বিষয়ে দপ্তর/সংস্থার ইনোভেশন টিমসমূহকে আরো উদ্যোগী হতে হবে। উপসচিব (অডিট) আরো জানান যে, নতুন উদ্ভাবনী ধারনা/উদ্যোগ সৃষ্টির লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা প্রধান এবং এ বিভাগের কর্মকর্তাকে পত্র দেয়া হয়েছিলো। কিন্তু আশানুরূপ ধারণা বা উদ্যোগ পাওয়া যায়নি। তাই নতুন করে সবাইকে আবার পত্র দিতে হবে। সভায় উদ্ভাবনের বিষয়ে বিস্থারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সকল দপ্তর/সংস্থার মাসিক সভায় Innovation in Public Service বিষয়টি অন্তর্ভুক্ত করে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

বাস্তবায়ন: দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

খ) মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রাধান্য দিয়ে a2i এর সাথে যোগাযাগ করে উদ্ভাবন সংক্রান্ত সকল প্রশিক্ষণ শেষ করতে হবে।

বাস্তবায়ন: দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

গ) প্রত্যেক দপ্তর/সংস্থার সকল পর্যায়ের কর্মকর্তাদের নিকট থেকে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান, সংগ্রহ এবং বাছাই করে একটি তালিকা এ বিভাগে প্রেরণ করতে হবে। উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ Idea Bank এ আপলোডের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়ন: দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

ঘ) যে সকল উদ্ভাবনী উদ্যোগসমূহ মাঠ পর্যায়ে চলমান আছে সে গুলোর প্রত্যেকটির এক মিনিটের ডকুমেন্টারি এবং সকল উদ্ভাবনী উদ্যোগ নিয়ে একটি প্রকাশনা বের করতে হবে। বিআরটিএ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর তাদের মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী উদ্যোগসমূহ নিয়ে শোকেসিং-এর ব্যবস্থা করবে।

বাস্তবায়ন: দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

ঙ) তথ্য বাতায়নের ইনোভেশন কর্নারে উদ্ভাবন সংক্রান্ত সকল তথ্য অন্তর্ভুক্তির ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়ন: (ক) দপ্তর/সংস্থার ইনোভেশন টিম
(খ) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

চ) ২০১৯-২০২০ অর্থবছরে উদ্ভাবনী কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য পর্যাপ্ত অর্থের সংস্থান রাখতে হবে।

বাস্তবায়ন: (ক) সকল সংস্থা প্রধান
(খ) দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর

ছ) উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রত্যেক সংস্থা হতে এ ধরনের কর্মকর্তাদের জন্য বিদেশ ভ্রমনের ব্যবস্থা করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের একটি তালিকা এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন: (ক) সকল সংস্থা প্রধান
(খ) দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

জ) আগামী ইনোভেশন সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রকল্প মনিটরিং সফটওয়্যার, সড়ক ও জনপথ অধিদপ্তরের Road Index সফটওয়্যার এবং যানবাহন ও যন্ত্রপাতির ইনডেক্স ব্যবস্থাপনা সফটওয়্যারের অগ্রগতি সম্পর্কে অবহিত করতে হবে।

বাস্তবায়ন: (ক) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ;
(খ) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর;
(গ) নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), ওয়ার্কশপ ডিভিশন, ঢাকা।

ঝ) বিআরটিএ-এর সেবাসমূহ বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে এবং দ্রুত বিআরটিএ সার্ভিস পোর্টাল চালু করার উদ্যোগ নিতে হবে।

বাস্তবায়ন: ইনোভেশন টিম, বিআরটিএ

০২। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৫/২০১৯

মোঃ এহছানে এলাহী
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং-৩৫.০০.০০০০.০৩৯.০৬.০১৮.১৩-৬৭৪ তারিখ: ২৩/০৫/২০১৯ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (ডিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭। উপসচিব (অডিট ,সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৮। উপসচিব (বাজেট ,(সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৯। উপপরিচালক (প্রশাসন), বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
১০। উপসচিব (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১২। সিস্টেম এনালিস্ট (অভ্যন্তরীণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪। মোঃ মনিরুল ইসলাম, ডেপুটি সিস্টেম এনালিস্ট (ইনোভেশন টিম), একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১৫। তাসলিমা ইয়াসমিন জেনি, কনসালটেন্ট (ইনোভেশন টিম), একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১৬। কাজী আব্দুল্লাহ আল মামুন, প্রোগ্রামার (সওজ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭। মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী প্রোগ্রামার (বিআরটিএ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৮। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অপর পাতায় দ্রষ্টব্য

র্ব পাতার পর

অনুলিপি (সদয়জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে):

০১। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩। অফিস কপি/মাস্টার কপি।

২৩.০৫.১৭

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৩৪
ই-মেইল: dsaudit@rthd.gov.bd